দৈনিক
ইত্তেফাক

9 FEB 2003

ঢাকা ভার্সিটি ক ইউনিট

# ঘোষিত ফলাফল বাতিলের নেপথ্যে–

–শাহনুল হক ॥ মাত্র আধা ঘন্টার ব্যবধানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও জীববিজ্ঞান অনুষদভুক্ত 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষার প্রকাশিত ফলাফল প্রত্যাহার করে নেয়া হলো। বিষয়টি নিয়ে রহস্যের সৃষ্টি হয়েছে। গত শুক্রবার সকাল ১০টায় 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। (২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটি ক ইউনিট

(প্রথম পৃঃ পর)

গতকাল শনিবার রাত ৯টায় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর থেকে ডীন অধ্যাপক তাজমেরী এস এ ইসলাম কর্তৃক স্বাক্ষরিত ফলাফল ও প্রেস বিজ্ঞপ্তি পাঠানো হয়। পরীক্ষা সম্পন্ন হওয়ার মাত্র ২৬ ঘন্টার মাথায় ফলাফল প্রকাশের ঘটনা বিস্ময়কর হলেও মাত্র ৩০ মিনিট পরেই অনুষদের ডীন ফোনে জানান ফলাফল পত্রিকায় প্রকাশ করা যাবে না। খোঁজ নিয়ে জানা যায়, শুক্রবার পরীক্ষা শেষ হওয়ার পর থেকেই ডীন অফিসে ফলাফলের কাজ শুরু হয়। শুক্রবার পুরো রাত ধরেই কাজ চলে। গতকাল সন্ধ্যায় ফলাফলের কাজ শেষ হয়। রাত ৮টায় ওয়েব সাইটে (http: llkaunit.udhaka.nel) ফলাফল এবং ৯টায় পত্রিকা অফিসে পাঠানো হয়। পত্রিকা অফিসে ফলাফল পাঠানোর পর পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক মকবুল ইসলাম ওয়েব সাইটে ফলাফলে ত্রুটি দেখতে পান। সাথে সাথে তিনি ডীনকে জানান। ফলাফলের পুরো কাজে ত্রুটি ধরা পড়ে। পুনরায় রাতে আবার কাজ শুরু হয়। জানা যায়, অন্যান্য অনুষদের ভর্তি পরীক্ষার ফলাফল ৪/৫ দিন কিংবা আরো পরে প্রকাশিত হয়। কিন্তু বিজ্ঞান অনুষদ দ্রুত ফলাফল প্রকাশ করতে গিয়ে এ সমস্যায় পড়ে। অপর একটি সূত্র জানায়, বর্তমান ডীন অধ্যাপক তাজমেরী গত বছরের আগষ্ট মাসে এই অনুষদের সাবেক ডীন প্রোভিসি অধ্যাপক ইউসুফ হায়দারের স্থলাভিষিক্ত হয়েছেন। তিনি বর্তমানে ভারপ্রাপ্ত ডীন হিসেবে দায়িত্ব পালন করছেন। সামনে ডীন নির্বাচন তাই নির্বাচনে সুবিধা আদায়ের জন্য দ্রুত ফলাফল দিয়ে সকলকে অবাক করাই ছিল উদ্দেশ্য বলে সূত্র জানায়। ফলাফলে ত্রুটির ব্যাপারে অধ্যাপক তাজমেরী ইসলাম বলেন, কোন ধরনের কৃতিত্ব নেয়ার লক্ষ্য আমার ছিল না। ঈদের আগে ফলাফল দেয়া ছিল আমার উদ্দেশ্য। কম্পিউটারের ত্রুটির কারণে এই সমস্যা হয়েছে। এ দায়িত্ব আমাকে বহন করতে হবে। তিনি অধ্যাপক এস এম এ ফায়েজকে ফোন করেও পাওয়া যায়নি।